**শিরোনাম**: আর্থিক সহায়তা নীতি - UMH Sparrow NHS
নির্ধারিত রুরাল হেলথ সাইট

**ডিপার্টমেন্ট**: রেভিনিউ সাইকেল (আর্থিক কাউন্সেলিং)

## 1.0 নীতিগত বিবৃতি, লক্ষ্য এবং কাজের আওতা

মিশিগান স্টেট-এর যে সকল বাসিন্দা অর্থাভাবে প্রয়োজনীয় চিকিৎসা পরিচর্যা পেতে পারেন না তাদের পরিষেবা প্রদানের জন্য ইউনিভার্সিটি অফ মিশিগান স্প্যারো প্রতিজ্ঞাবদ্ধ।

UMH স্প্যারো আর্থিক সহায়তা নীতি প্রতিষ্ঠা করার উদ্দেশ্য হলো যেসকল রোগীর আর্থিক সহায়তা প্রয়োজন তাদেরকে চিহ্নিত করা।

U.S. ফেডারেল পভার্টি গাইডলাইন (FPG) অনুযায়ী যেসকল রোগী হেলথ কেয়ার পাওয়ার জন্য অর্থ পরিশোধে অক্ষম তাদেরকে আর্থিক সহায়তা প্রদান করা হয়। আর্থিক সহায়তাকে শেষ উপায় হিসেবে বিবেচনা করা হয়; তৃতীয় পক্ষ প্রদত্ত ইনস্যুরেন্স পাওয়ার সকল সম্ভাব্য চেষ্টা করা অথবা রোগীর জন্য কী ধরণের রিসোর্স উপলব্ধ আছে তা শনাক্ত করার বিষয়গুলো প্রথমে বিবেচনায় নিতে হবে।

UMH স্প্যারো ফাইন্যান্সিয়াল অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (SFAP)-এর মাধ্যমে UMH স্প্যারো-তে আর্থিক সহায়তা প্রদান করা হয়। আর্থিক সহায়তার সকল অনুরোধের সাথে উপযুক্ত কাগজপত্র থাকতে হবে। যোগ্য হিসেবে বিবেচ্য রোগীরা প্রযোজ্য খরচের ক্ষেত্রে 100% ছাড় পাবেন।

অনুমোদিত সাইটগুলোতে এই নীতি ন্যাশনাল হেলথ সার্ভিসেস করপো. (NHSC) এবং মিশিগান স্টেট লোন রিপেমেন্ট প্রোগ্রাম (MSLRP) মেনে চলে।

NHSC রুরাল হেলথ-এর নির্দেশনা মেনে চললে, নেটওয়ার্কের বাহিরের কোন এনরোলমেন্ট, কমার্শিয়াল এবং মেডিকেড সহ কোনো ব্যবস্থাপনা আছে এমন, ইনস্যুরেন্স আছে কিংবা নেই এমন রোগী সহ গ্রামীণ এলাকায় অবস্থিত সকল রোগী নিশ্চিতভাবে বিস্তৃত পরিসরে প্রাথমিক পরিচর্যায় অ্যাক্সেস পায়।

এই নীতিমালা UMH স্প্যারো রুরাল হেলথ নির্ধারিত সাইটের জন্য প্রযোজ্য। (পরিশিষ্ট E দেখুন)।

অন্যান্য UMH স্প্যারো ফ্যাসিলিটি এবং স্থাপনাগুলিতে এই নীতি প্রযোজ্য নয়।

তৃতীয়-পক্ষ প্রদত্ত পরিষেবার ক্ষেত্রে এই নীতিমালা প্রযোজ্য নয়।

## 2.0 বৈষম্যহীনতার নোটিশ

UMH স্প্যারো এবং অধীনস্থ সকল প্রতিষ্ঠান সকলের জন্য মানসম্পন্ন হেলথ কেয়ার প্রদান করে। সম্প্রদায়, জাতি, বর্ণ, নৃতাত্ত্বিক পরিচয়, নাগরিকত্ব, লিঙ্গ, ধর্ম, বয়স, অক্ষমতা, রাজনৈতিক বিশ্বাস, লিঙ্গ পরিচয়, যৌন অভ্যাস, সুশীল নাগরিক অথবা সামরিক পদমর্যাদা, বৈবাহিক অথবা পারিবারিক অবস্থা, পরিষেবার পেমেন্টে ব্যবহৃত অর্থের উৎস কিংবা ফেডারেল, স্টেট অথবা স্থানীয় আইন অনুযায়ী অন্য যে সকল বিষয়ে নিষেধাজ্ঞা আছে সেগুলো সহ কোনোকিছুর ভিত্তিতে UMH স্প্যারো বৈষম্য করবে না। ভর্তি এবং চিকিৎসা প্রক্রিয়া নির্ভর করে শুধুমাত্র রোগীর চিকিৎসাগত প্রয়োজনীয়তা এবং প্রয়োজনীয় চিকিৎসাগত পরিচর্যা এবং চিকিৎসা প্রদানের ক্ষেত্রে ফ্যাসিলিটির সক্ষমতা এবং যোগ্যতার উপরে। ন্যাশনাল হেলথ সার্ভিস কোরপস. (NHSC)-কে অবশ্যই বৈষম্যহীনতার সাথে ব্যক্তিদের পরিষেবা প্রদান করতে হবে অর্থাৎ কোন পরিষেবার জন্য একজন ব্যক্তি নিজে অর্থ পরিশোধ করবেন কিনা কিংবা Medicare, Medicaid অথবা CHIP-এর মতো অন্য কোন উৎস থেকে সে অর্থ পরিশোধ করা হবে কিনা তা বিবেচনায় না নিয়ে সকলের জন্য সমান পরিমাণে পরিষেবা প্রদান করতে হবে।

## 3.0 সংজ্ঞা:

AGB-কোন ব্যক্তির জরুরী অথবা চিকিৎসাগত প্রয়োজনীয় পরিষেবা প্রয়োজন হলে এবং সেগুলো তার ইন্স্যুরেন্স-এর আওতাভুক্ত হলে সাধারণত তাকে যে পরিমাণ বিল করা হয়।

ফ্যামিলি সাইজ - দুই বা ততোধিক মানুষের একটি গ্রুপ (যেখানে একজন গৃহ কর্তা হিসেবে ভূমিকা পালন করেন) যারা জন্ম, বিবাহ অথবা দত্তকের সম্পর্কে আবদ্ধ কিংবা একত্রে বসবাস করেন; এমন ধরণের সকল ব্যক্তি (সম্পর্কিত সংযুক্ত পরিবারের সদস্যসহ)-কে একটি পরিবারের সদস্য হিসেবে বিবেচনা করা হয়। পরিবারের আকার হিসাব করার জন্য গৃহস্থলির সাথে সম্পর্কহীন সদস্যদেরও গণনা করা হতে পারে।

FPG - ফেডারেল পভার্টি গাইডলাইন হলো এমন একটি পরিমাপ যাতে একক ব্যক্তি এবং পরিবারকে প্রয়োজনীয় খরচ বাবদ বছরে ন্যূনতম কত পরিমাণ আয় করতে হয় তা দেখানো হয়। এই নির্দেশনা থেকে ফেডারেল এবং স্টেট প্রোগ্রাম ও স্বাস্থ্য ব্যবস্থার ক্ষেত্রে কী পরিমাণে মূল্যছাড় দেওয়া হবে তা হিসাব করা হয়।

আর্থিক সহায়তা স্বরূপ মূল্যছাড় - উপযুক্ত খরচ সাপেক্ষে 100% মূল্যছাড়, এটি প্রদান করা হয় UMH স্প্যারো ফাইনান্সিয়াল অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (SFAP)-এর মাধ্যমে।

আর্থিক সমস্যা - কো-পে, ডিডাক্টিবল এবং কো-ইনস্যুরেন্স সহ অন্যান্য যেসকল আর্থিক সমস্যার কারণে রোগীরা তাদের স্বাস্থ্য পরিচর্যার অর্থ পরিশোধ করতে পারেন না।

হেলথকেয়ার রিকাভারি স্কোর - হেলথকেয়ার রিকাভারি স্কোর হলো তৃতীয় পক্ষীয় ভেন্ডর কর্তৃক তৈরি এমন একটি স্কোরিং পদ্ধতি যা দ্বারা একজন ব্যক্তির চিকিৎসার বিল পরিশোধের সক্ষমতা অনুমান করা যায়। এই আনুমানিক মূল্যায়ন থেকে রোগীর অবস্থা বোঝার ক্ষেত্রে সহায়তা পাওয়া যায়, আয় সংক্রান্ত কাগজপত্র জমা দেওয়ার প্রয়োজন হয় না।

আয় - বেতন, সোশ্যাল সিকিউরিটি, অক্ষমতার জন্য পাওয়া পেমেন্ট, ভেটেরানদের পেমেন্ট, কর্মীদের ক্ষতিপূরণ, কমিশন, ফি, টিপ এবং পেনশন, রিটায়ারমেন্ট বেনিফিট, সুদ, ডিভিডেন্ড, সেলফ-এমপ্লয়মেন্ট-এর আয় এবং ভাড়া থেকে অর্জিত আয়।

লিকুইড অ্যাসেট - যেসকল সম্পদ সহজে অল্প সময়ের মধ্যে নগদ অর্থে রূপান্তর করা যায়; যেমন স্টক, বন্ড, অর্থ জমার সার্টিফিকেট, নগদ অর্থ ইত্যাদি।

চিকিৎসাগত প্রয়োজনীয়তা - কোন চিকিৎসাগত সমস্যার সমাধান অথবা সাধারণ প্রতিরোধক হেলথকেয়ার প্রদান করার উদ্দেশ্যে একজন চিকিৎসক অথবা অ্যাডভান্সড কেয়ার প্রোভাইডার (চিকিৎসকের সহায়ক অথবা নার্স প্র্যাক্টিশনার) যে পরিষেবা প্রদানের আদেশ দেন। কসমেটিক প্রক্রিয়া, পরীক্ষামূলক প্রক্রিয়া এবং সাধারণত ইনস্যুরেন্স-এর আওতাভুক্ত নয় এমন পরিষেবাগুলো এই তালিকা বহির্ভূত। চিকিৎসাগত দিক দিয়ে প্রয়োজনীয় কিনা তা নির্ধারণ করবেন স্প্যারো-এর প্রধান মেডিকাল অফিসার।

সহজ ভাষায় সারাংশ - সহজে বোঝা যায় এমনভাবে তৈরি করা ও ইনটেক, ডিসচার্জের সময় বিলিং স্টেট্মেন্ট-এর সাথে প্রদর্শিত ও জনসম্মুখে প্রদর্শিত আর্থিক সহায়তা নীতির একটি সারাংশ।

NHSC নির্ধারিত রুরাল হেলথ সাইট - UMH স্প্যারো-এর অধীনস্থ একটি স্থান যাকে, ন্যাশনাল হেলথ সার্ভিসেস কোরপস (NHSC), রুরাল হেলথ হিসেবে নির্ধারিত করেছে

স্লাইডিং ফি স্কেল (ইনস্যুরেন্স নেই এমন ব্যক্তিদের জন্য মূল্যছাড়) - রোগীর যদি কোন ইনস্যুরেন্স না থাকে তবে তার হিসাবের সময় যে মূল্যছাড় দেওয়া হয় (সেলফ-পে)।

UMH স্প্যারো - ভিন্ন কিছু উল্লেখ না করা হলে, UNH স্প্যারো টার্ম ব্যবহার করে UMH স্প্যারো-এর অধীনস্থ সকল অবস্থান এবং তাদের নিয়োগকৃত সকল প্রোভাইডারকে বোঝানো হয়।

UMH স্প্যারো ফাইনান্সিয়াল অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (SFAP) - UMH স্প্যারো ফাইনান্সিয়াল অ্যাসিস্টেন্স প্রোগ্রামের নাম। UMH স্প্যারো ফ্যাসিলিটিতে UMH স্প্যারো প্রোভাইডারগণ যে চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিষেবা প্রদান করেন সেগুলোর অর্থ পরিশোধের ক্ষেত্রে যোগ্য হিসেবে বিবেচিত রোগীদেরকে এই প্রোগ্রাম সহায়তা করে। SFAP একটি দাতব্য পরিচর্যা প্রোগ্রাম

ইনস্যুরেন্সহীন/পূর্ণ কভারেজহীন ইনস্যুরেন্স - তাদেরকে বোঝানো হয় যাদের কোনো হেলথ ইনস্যুরেন্স কভারেজ নেই এবং/অথবা সেসকল ব্যক্তি যাদের বেনিফিটে প্রণীত পরিষেবা আওতাভুক্ত নয়।

## 4.0 নীতির মানদণ্ড

### A. যোগ্যতা

1. গৃহস্থলি আয়ের জন্য ফেডারেল পভার্টি লেভেল গাইডলাইন (FPG) - বর্তমান বছরের জন্য নির্ধারিত FPG-এর থেকে রোগীর গৃহস্থলির আয় 300% বেশি না হলে একজন রোগী SFAP-এর জন্য যোগ্য বলে বিবেচিত হতে পারেন।

**2.** অতিরিক্ত মানদণ্ড - FPG-এর পাশাপাশি, একটি NHSC নির্ধারিত রুরাল হেলথ স্থাপনায় প্রণীত পরিষেবার ক্ষেত্রে সহায়তার আবেদনকারী রোগীকে SFAP পাওয়ার জন্য অবশ্যই নিম্নের মানদণ্ড পূরণ করতে হবে।
   a. পরিষেবাগুলো অবশ্যই চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় হতে হবে
   b. পরিষেবা নেওয়ার সময় আবেদনকারীকে অবশ্যই মিশিগানে থাকতে হবে।
   c. SFAP-এর যোগ্যতা থাকলেও রোগী দীর্ঘমেয়াদী বা ব্যয়বহুল চিকিৎসা যেমন, অঙ্গ প্রতিস্থাপন, সেলুলার থেরাপি বা ব্যয়বহুল ওষুধের জন্য আর্থিকভাবে যোগ্য বিবেচিত নাও হতে পারেন। এই চিকিৎসাগুলো বিবেচনা করার সময় রোগীর আর্থিক অবস্থা অনেকগুলো মানদণ্ডের মধ্যে মাত্র একটি।
   d. জরুরী পরিস্থিতিতে - জরুরী পরিস্থিতি ছাড়া, যখনই সম্ভব, পরিষেবা প্রদানের আগে রোগীর অর্থ পরিশোধের সক্ষমতা বিবেচনা করতে হবে। জরুরী পরিস্থিতিতে UMH Sparrow প্রোভাইডাররা জরুরী মেডিকেল চিকিৎসা এবং অ্যাক্টিভ লেবার অ্যাক্ট (EMTALA) অনুসারে জরুরী চিকিৎসা সেবা প্রদান করে। UMH Sparrow এই নীতির অধীনে রোগীদের তাদের আর্থিক যোগ্যতা নির্বিশেষে, জরুরী চিকিৎসা পরিস্থিতিতে (EMTALA-এর অর্থ অনুসারে) বৈষম্য ছাড়াই সকল ব্যক্তিকে পরিচর্যা প্রদান করে।

B. শর্তাবলী এবং কভারেজ
1. অনুমোদনের তারিখ থেকে বারো (12) মাসের জন্য প্রযোজ্য।
2. অ্যাকাউন্টের বয়স নির্বিশেষে, পূর্ববর্তী সকল বকেয়া যোগ্যতার মধ্যে অন্তর্ভুক্ত।
3. অনুমোদনের তারিখ থেকে বারো (12) মাস পরে যোগ্যতা সমাপ্ত হয়ে যাবে।
4. আবেদনকারীদের প্রতি বারো (12) মাস পর পর SFAP-এর জন্য পুনরায় আবেদন করতে হবে।
5. SFAP-এর আর্থিক সহায়তার মধ্যে UMH Sparrow-তে কর্মরত প্রোভাইডারদের দ্বারা UMH Sparrow ফ্যাসিলিটিগুলোতে প্রদত্ত চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় সকল পরিষেবা অন্তর্ভুক্ত রয়েছে।
6. SFAP-এর জন্য যোগ্য রোগীদের, তাদের জরুরী বা অন্যান্য চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিষেবার জন্য সাধারণত যে বিল করা হয় তার পরিমাণের (ABG) চেয়ে বেশি চার্জ করা যাবে না। ABG নির্ধারণের জন্য ফেডারেল আইন অনুযায়ী, UMH Sparrow "লুক-ব্যাক" পদ্ধতি ব্যবহার করে। অনুগ্রহ করে মনে রাখবেন যে, SFAP-এর জন্য যোগ্য বলে বিবেচিত হলে, রোগীদের চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিচর্যার জন্য কোনো বিল করা হবে না, কারণ 100% ডিসকাউন্টের কারণে এই ধরনের সকল চার্জ মওকুফ হয়ে যায়।
7. রোগীর UMH Sparrow চিকিৎসক কর্তৃক চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় বলে বিবেচিত না হলে SFAP-এ সেই সকল পরিষেবা অন্তর্ভুক্ত থাকবে না।
8. SFAP নন-UMH Sparrow পরিষেবার ক্ষেত্রে প্রযোজ্য নয়।
9. SFAP-এর কো-পে, অনুমোদিত কো-ইন্স্যুরেন্স এবং ডিডাক্টিবল পরিমাণ সংগ্রহ করার আইনগত এবং চুক্তিবদ্ধ বাধ্যবাধকতা রয়েছে। তবে, আর্থিক অসুবিধা প্রমাণ করা যায় সেক্ষেত্রে ইনস্যুরেন্সর পরে অবশিষ্ট ব্যালেন্সের জন্য একজন রোগী আর্থিক সহায়তা পেতে পারেন। তাদের পক্ষে কাজ করে এমন তত্ত্বাবধানকারী সংস্থাগুলি সহ, UMH Sparrow, স্টেট এবং ফেডারেল আইন অনুসারে, আর্থিক অসুবিধা আছে কিনা তা বিবেচনা করবে। আর্থিক অসুবিধায় থাকা রোগীদের অবশিষ্ট ব্যালেন্স মওকুফ করা হবে।
10. অনুমোদিত আবেদনকারীরা 90 দিন পর্যন্ত চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় ওষুধ পাবেন। যতক্ষণ পর্যন্ত না সকল রিফিল শেষ হয়ে যায় অথবা SFAP-এর যোগ্যতা বাতিল হয়, ততক্ষণ পর্যন্ত প্রেসক্রিপশনটি রিফিল করা যাবে। প্রেসক্রিপশন অবশ্যই UMH Sparrow প্রোভাইডার কতৃক লিখিত হতে হবে। এই নীতির উদ্দেশ্য পূরণে, UMH Sparrow 340B ফার্মেসিগুলিকে UMH Sparrow ফ্যাসিলিটি এবং পরিষেবার অংশ হিসেবে বিবেচনা করা হয়।
11. SFAP যোগ্যতার সময়কালে, যদি কোনো রোগীর অবস্থার পরিবর্তন হয়, তাহলে রোগীকে অবশ্যই SFAP কর্মীদের জানাতে হবে। এই পরিবর্তনগুলো আর্থিক সহায়তার ডিসকাউন্টের ক্ষেত্রে রোগীর যোগ্যতাকে প্রভাবিত করতে পারে।

C. আর্থিক সহায়তার জন্য আবেদন

1. রোগীরা যেভাবে SFAP ডিস্কাউন্টের জন্য আবেদন করতে পারবেন:
   a. UMH Sparrow ওয়েবসাইটে থাকা আবেদন পূরণ করে: www.uofmhealthsparrow.org
   b. UMH Sparrow-এর কোনো আর্থিক কাউন্সেলরের সাথে 517 364 6060 নম্বরে যোগাযোগ করে।
   c. UMH Sparrow বিলিং গ্রাহক পরিষেবার সাথে 517 364 7999 নম্বরে যোগাযোগ করে।
   d. যেকোনো UMH Sparrow ফ্যাসিলিটি বা অফিস থেকে পেপার আবেদনপত্রের একটি কপি পাওয়া যাবে।

2. SFAP-এর জন্য আবেদনের জন্য যেসকল ডকুমেন্ট প্রয়োজন:

a. সাম্প্রতিক কর বছরের জন্য ফেডারেল আয়কর রিটার্ন (Form 1040)
b. সাম্প্রতিক বেতন এবং কর বিবৃতি (W-2) এবং/অথবা বিবিধ আয় (Form 1099)
c. পরিবারের প্রতিটি সদস্যের বছরের-বর্তমান-তারিখ পর্যন্ত আয় সহ বেতনের সাম্প্রতিক পে-স্টাবের কপি
d. অন্যান্য আয়ের প্রমাণ; উদাহরণস্বরূপ, বেকার ভাতা, অক্ষমতা আয়, ভাড়ার আয়, পেনশন, বার্ষিক আনুতোষিক, সুদের পেমেন্ট
e. চলতি বছরের জন্য সোশ্যাল নিরাপত্তা বেনিফিট চিঠির কপি
f. মিশিগানে বসবাসের ডকুমেন্টেশন
g. শূন্য (0) আয়ের রোগী এবং পরিবারের জন্য, পরিবারের সকল সদস্যের জন্য একটি সম্পূর্ণ মৌলিক চাহিদা সহায়তার বিবৃতি

D. আর্থিক সহায়তা ডিস্কাউন্ট পরিচালনা

1. একজন ব্যক্তি সহায়তার জন্য যোগ্য কিনা তা নির্ধারণের জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টা করার আগে UMH Sparrow ব্যক্তির বিরুদ্ধে অস্বাভাবিক সংগ্রহের এই নীতির অধীনে কোনো পদক্ষেপ গ্রহণ করবে না। রেভিনিউ সাইকেলের একটি বিলিং এবং সংগ্রহ নীতি রয়েছে, যা অর্থ পরিশোধ না করলে UMH Sparrow সংগ্রহের পদক্ষেপ সহ, কী পদক্ষেপ গ্রহণ করতে পারে তা বর্ণনা করে। এই নীতিগুলি UMH Sparrow-এর রেভিনিউ সাইকেল বিভাগ থেকে অথবা নীচের যোগাযোগের তথ্য ব্যবহার করে পাওয়া যাবে।
2. এই নীতি পরিচালনার জন্য বিস্তারিত পদ্ধতিগুলি UMH Sparrow রেভিনিউ সাইকেল দ্বারা পরিচালিত হয়।
3. আর্থিক সহায়তা সমন্বয়ের কার্যক্রম লিখিত পদ্ধতি অনুসরণ করবে। যেখানে কোনো কর্মীর সাথে স্বার্থের সংঘাত বিদ্যমান, সেখানে বন্ধু বা আত্মীয় হোক না কেন, তার দ্বারা আর্থিক সহায়তা সমন্বয় শুরু বা অনুমোদিত হতে পারবে না।
4. SFAP প্রোগ্রামের একটি সহজ ভাষায় সারসংক্ষেপ পরিশিষ্ট C-তে পাওয়া যাবে।

E. আর্থিক সহায়তা নীতির প্রকাশনা

1. হাসপাতালগুলোকে তাদের পরিষেবা প্রদানকারী কমিউনিটির মধ্যে তাদের আর্থিক সহায়তা নীতি বিস্তৃতভাবে প্রচার করতে হবে। এই আবশ্যকতা মেনে চলার জন্য UMH Sparrow যেভাবে প্রতিশ্রুতিবদ্ধ
    a. UMH Sparrow-এর বাইরের ওয়েবসাইটে FAP-এর গুরুত্বপূর্ণ বিধানগুলি অন্তর্ভুক্ত করে
    b. UMH Sparrow রোগীদের পরিচর্যার সাইটগুলোতে ছাপানো ম্যাটারিয়াল উপলব্ধ রেখে
    c. রোগীর বিবৃতিতে SFAP সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত করে
    d. রোগীর বিবৃতিতে, আর্থিক সহায়তার জন্য কিভাবে আবেদন করতে হয় অথবা SFAP-এ কিভাবে অ্যাক্সেস করা যায় সে সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত করে

F. যোগাযোগের তথ্য

1. আর্থিক কাউন্সিলিং-এ যোগাযোগের নম্বর 517 364 6060
2. গ্রাহক পরিষেবা 517 364 7999 বা টোল ফ্রি XXX XXX XXXX
3. ওয়েবসাইট: uofmsparrow.org/financial assistance
4. আর্থিক সহায়তা নীতি, সহায়তার আবেদনপত্র এবং AGB কিভাবে হিসাব করা হয় তার একটি পেপার কপি উপরে তালিকাভুক্ত যোগাযোগের তথ্য ব্যবহার করে আর্থিক কাউন্সিলিং অফিসের সাথে যোগাযোগ করে পাওয়া যেতে পারে। এছাড়াও, আবেদনপত্র এবং SFAP ডকুমেন্টগুলো UMH Sparrow ওয়েবসাইট থেকে প্রিন্ট করা যেতে পারে।

5.0 পর্যালোচনার ইতিহাস

| তারিখ | পর্যালোচনা # | পরিবর্তন | রেফারেন্সড সেকশন |
|---|---|---|---|
| 09/01/2024 | | নতুন নীতিমালা | |

**পরিশিষ্ট A:**
**UMH Sparrow ডিসকাউন্ট এবং স্লাইডিং ফি স্কেল**

| ডিসকাউন্টের ধরণ | যোগ্যতার মানদণ্ড | আবেদনের পদ্ধতি | ডিসকাউন্টের পরিমাণ |
|---|---|---|---|
| বীমাহীন বিনামূল্যে পরিচর্যা | পারিবারিক আয় <= FPG এর 100% | Sparrow আর্থিক সহায়তার আবেদন | 100% |
| বীমাহীন বিনামূল্যে পরিচর্যা | পারিবারিক আয় <= FPG এর 200% | Sparrow আর্থিক সহায়তার আবেদন | 100% |
| বীমাহীন (সেলফ-পে) স্লাইডিং ফি ডিসকাউন্ট | বীমাবিহীন রোগী | কোনোটিই নয় | AGB (পরিশিষ্ট C) |
| বীমাবিহীন এবং বীমাকৃত দাতব্য পরিচর্যা ডিসকাউন্ট | পারিবারিক আয় FPG এর 300% পর্যন্ত | Sparrow আর্থিক সহায়তা আবেদন, হেলথকেয়ার রিকভার স্কোরিং ব্যবহার করা হবে না | <=300% FPG = 100% ডিসকাউন্ট। |
| ইনঘাম স্বাস্থ্য পরিকল্পনার সদস্যদের জন্য ডিসকাউন্ট | IHP-তে সক্রিয় সদস্য | কোনোটিই নয় | 100% |
| মেডিকেইড ESO সদস্য ডিসকাউন্ট | CHAMPS অনুসারে Medicaid ESO-তে সক্রিয় সদস্য | কোনোটিই নয় | 100% |
| মৃত | ডেথ সার্টিফিকেটের রসিদ | কোনোটিই নয় | 100% |
| হেলথকেয়ার রিকভারি স্কোর ডিসকাউন্ট | শুধুমাত্র বীমাবিহীন রোগীদের জন্য স্কোর < 650। কো-পে, ডিডাক্টিবল এবং কো-ইন্স্যুরেন্স এই পদ্ধতির জন্য যোগ্য নয়। | তৃতীয় পক্ষের সংগ্রহের পদক্ষেপ নেওয়ার আগে স্বয়ংক্রিয়ভাবে স্ক্রীন করা হয়। | 100% |

**পরিশিষ্ট B**
**বর্তমান FPG টেবিল**

প্রতি বছর ফেব্রুয়ারী মাসে স্বাস্থ্য ও হিউম্যান পরিষেবা বিভাগ (DHHS) কর্তৃক FPG পরিমাণ আপডেট করা হয় এবং Michigan ইউনিভার্সিটির Sparrow আর্থিক সহায়তা নীতির FPG মানদণ্ড বার্ষিক আপডেটগুলি প্রতিফলিত করার জন্য সামঞ্জস্য করা হয়।

| 2025 SFAP ডিসকাউন্টের পরিমাণ | | | |
|---|---|---|---|
| ফ্যামিলি সাইজ | FPG <100% | | FPG 300% |
| 1 | $ 15,650 | | $ 46,950 |
| 2 | $ 21,150 | | $ 63,450 |
| 3 | $ 26,650 | | $ 79,950 |
| 4 | $ 32,150 | | $ 96,450 |
| 5 | $ 37,650 | | $ 112,950 |
| 6 | $ 43,150 | | $ 129,450 |
| 7 | $ 48,650 | | $ 145,950 |
| 8 | $ 54,150 | | $ 162,450 |
| প্রত্যেক অতিরিক্ত পারিবারিক সদস্যের জন্য নিম্নলিখিত হিসাবে যোগ করুন: | | | |
| | $ 5,500 | | $ 16,500 |

**পরিশিষ্ট C**
**আর্থিক সহায়তার আবেদন**

আবেদনের তারিখ:
_______________________________________________

আবেদনকারীর ফোন নম্বর:
__________________________________________

| রোগীর তথ্য | | |
|---|---|---|
| নামের প্রথম অংশ | নামের শেষ অংশ | জন্মতারিখ |
| | | |

UMH-Sparrow আর্থিক সহায়তা প্রোগ্রাম (SFAP)-এ আগ্রহের প্রকাশ করার জন্য আপনাকে ধন্যবাদ। এর সাথে আবেদনপত্র এবং দাবিত্যাগের ফর্মটি সংযুক্ত করা হলো। নীচের তথ্যগুলি আপনার কাছ থেকে যে সকল ডকুমেন্ট প্রয়োজন তার একটি চেকলিস্ট। বিবাহিত হলে, আপনার স্বামী/স্ত্রীর ডকুমেন্ট অন্তর্ভুক্ত করতে ভুলবেন না। আপনাকে পরিবারের অন্যান্য সদস্যের ডকুমেন্টও জমা দেওয়ার জন্য বলা হতে পারে।

| ✓ | **প্রয়োজনীয় ডকুমেন্ট** |
|---|---|
| | সাম্প্রতিক ফেডারেল আয়কর - ফর্ম 1040 শুধুমাত্র 1 এবং 2 নম্বর পৃষ্ঠা (W2s বা 1099s অন্তর্ভুক্ত করুন)<br>• যদি অন্য কারোর করের উপর দাবি করা হয়, তাহলে সেই ব্যক্তির করের তথ্য পাঠান |
| | বেতনের সাম্প্রতিক পে-স্টাব (গুলো) বছরের-এখন-পর্যন্ত আয় সহ |
| | নীচের ডকুমেন্টগুলির মতো অন্যান্য আয়ের ডকুমেন্ট, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়:<br>• সোশ্যাল সিকিউরিটি আয়<br>• চাইল্ড সাপোর্ট<br>• ভরণপোষণ |
| | আপনার পরিচয়পত্রের কপি (ড্রাইভিং লাইসেন্স, স্টেট বা সামরিক ID) |
| | কোন আয় না থাকলে মৌলিক চাহিদার ভেরিফিকেশন |

আপনার আবেদনপত্র এবং ডকুমেন্টগুলো ফেরত পাঠাতে:

- তথ্য স্ক্যান করে (জেনারিক ফিনান্সিয়াল কাউন্সেলিং ইমেইল মুলতুবি) ইমেইল করুন।
- তথ্য এখানে মেইল করুন: UMH-Sparrow, আর্থিক কাউন্সিলিং, নতুন অ্যাড্রেস প্রয়োজন
- এই অ্যাড্রেসে তথ্য ফ্যাক্স করুন

কোনো প্রশ্ন থাকলে, আপনি আপনার SFAP আর্থিক কাউন্সেলরের সাথে 517.364.6060 নম্বরে যোগাযোগ করতে পারেন।

| মাসিক আয় | আবেদনকারী | স্বামী/স্ত্রী (অন্য সদস্য) |
|---|---|---|
| *কর্মসংস্থান | $ | $ |
| *সোশ্যাল সিকিউরিটি | $ | $ |
| *পেনশন/বার্ষিক আনুতোষিক | $ | $ |
| *অন্যান্য আয় | $ | $ |
| *IRA / 401K | $ | $ |

| পরিবার সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|
| নাম: | সম্পর্ক: | বয়স: |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

| দাবিত্যাগ |
| --- |
| আমরা উপরের তথ্য যাচাই করার জন্য একটি ক্রেডিট রিপোর্ট পেতে পারি এবং গোপনীয়তা আইন অনুসারে, এটি বাইরের কারো সাথে শেয়ার করবো না। এই আবেদনপত্রে আপনার স্বাক্ষর নির্দেশ করে যে এই রিপোর্টটি ব্যবহারের বিষয়ে আপনি অবগত রয়েছেন এবং এতে অনুমোদন দিয়েছেন এবং আপনার স্বাক্ষর থাকার অর্থ এটাও বোঝায় যে, আপনি আপনার উপার্জন, আর্থিক, আয়, সম্পত্তি এবং বীমা কভারেজ সম্পর্কে সঠিক তথ্য প্রদান করছেন। আপনার আবেদনপত্রে ব্যবহার করা কোন তথ্য পরিবর্তন হলে, UMH-Sparrow-এ আপনার তথ্য অবিলম্বে আপডেট করা আপনার দায়িত্ব। পরিবর্তনগুলো রিপোর্ট করতে ব্যর্থ হলে অথবা জালিয়াতি বা অপব্যবহার হলে, UMH-Sparrow আপনাকে SFAP প্রোগ্রাম থেকে অযোগ্য ঘোষণা করতে পারে এবং SFAP-এর আওতায় যে চিকিৎসা ব্যয়গুলি কভার করা হয়েছিল তার জন্য আপনাকে অর্থ পরিশোধ করতে হতে পারে।<br><br>SFAP দ্বারা কভার করার সময় আপনি যে অর্থ পরিশোধ পান তার সাথে সম্পর্কিত পরিষেবাগুলির জন্য আমরা ভবিষ্যতের মামলা, মুলতুবি মামলা, বা পরিশোধ নীতিগুলিতে (যেমন AFLAC) একটি লিয়েন সুদ দাবী করতে পারি।<br><br>*আপনি এই দাবিত্যাগটি পড়েছেন এবং বুঝেছেন তা নির্দেশ করার জন্য অনুগ্রহ করে এখানে সংক্ষিপ্ত স্বাক্ষর দিন: |
| আবেদনকারী বা আইনগত অভিভাবকের স্বাক্ষর: ____________________________________________________<br><br>তারিখ: ___________________________________________<br><br>**আপনার আবেদনটি সময়মতো প্রক্রিয়া করার জন্য, অনুগ্রহ করে যত তাড়াতাড়ি সম্ভব ফেরত পাঠান।**<br><br>এই আবেদনটি UMH-Sparrow দ্বারা আপনার আর্থিক বাধ্যবাধকতা সমাধানে সহায়তা করার জন্য ব্যবহার করা হবে। আবেদনপত্রের সকল তথ্য গোপন রাখা হবে। |

**মৌলিক চাহিদার ডকুমেন্টেশন**

**আপনি যদি রিপোর্টে শূন্য আয় দেখান তাহলে অনুগ্রহ করে এটি পূরণ করুন।**

তারিখ: ________________________________

রোগীর নাম: _______________________________________ জন্মতারিখ: __________________

**প্রত্যেক সেকশনে নামের আদ্যাক্ষর এবং নির্দেশিত স্থানে স্বাক্ষর:**

_____আমার বর্তমানে কোনো আয় নেই

আয়ের মধ্যে যাকিছু অন্তর্ভুক্ত, তবে এতেই সীমাবদ্ধ নয়, - চাকরির বেতন, অক্ষমতা সংক্রান্ত পেমেন্ট, বেকার ভাতা, পেনশন, বার্ষিক, ভাড়া থেকে অর্জিত আয় অথবা সোশ্যাল সিকিউরিটি।

_____ আমার প্রাথমিক চাহিদা (খাদ্য, বস্ত্র, বাসস্থান) যেভাবে মিটছে:

_________________________________________________________________________

(প্রাথমিক চাহিদা প্রদানকারী ব্যক্তি অথবা এজেন্সির নামের তালিকা)।

_____ আমি UMH-স্প্যারোকে অনুমোদন দিচ্ছি যেন তারা উপরোক্ত তালিকার মাধ্যমে আমার প্রাথমিক চাহিদা পূরণ হওয়ার বিষয়টি ভেরিফাই করতে পারেন।

______________________________________________ _________________

রোগী অথবা প্রতিনিধির স্বাক্ষর তারিখ

**পরিশিষ্ট D**
**সহজ ভাষায় FAP সারাংশ**

UMH স্প্যারো, 2010 সালের পেশেন্ট প্রোটেকশন অ্যান্ড অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট-এর সেকশন 501(r) অনুযায়ী একটি আর্থিক সহায়তা নীতি প্রতিষ্ঠা করেছে।

UMH স্প্যারো যদি কোনো রোগী এবং/অথবা দায়ী পক্ষের কাছে থেকে অর্থ পাওনা থাকে তবে সে ব্যক্তি/ব্যক্তিবর্গ পরিবারের আকার ও পরিবারের আয়ের ভিত্তিতে ইউনাইটেড স্টেটস ফেডারেল পভার্টি গাইডলাইন-এর হিসাব অনুযায়ী আর্থিক সহায়তা পাওয়ার জন্য যোগ্য বলে বিবেচিত হতে পারে। যেসকল রোগী ইনস্যুরেন্সহীন তারা হয়তো বিনামূল্যে অথবা মূল্যছাড় সহ চিকিৎসা পাওয়ার জন্য বিবেচিত হতে পারেন। ইনস্যুরেন্স আছে এমন রোগীদের কী পরিমাণে ডিডাক্টিবল, কোইনস্যুরেন্স অথবা কো-পে বকেয়া আছে তার ভিত্তিতে মূল্যছাড় পেতে পারেন।

কোনো এক্সট্রাঅর্ডিনারি কালেকশন অ্যাকশন নেয়ার আগে UMH স্প্যারো একটি পক্ষের আর্থিক সহায়তা পাওয়ার যোগ্যতা নির্ধারণের জন্য যৌক্তিক প্রচেষ্টা করবে।

www.uofmsparrow.org/financial assistance-ঠিকানা থেকে পূর্ণাঙ্গ ফাইনান্সিয়াল অ্যাসিস্টেন্স নীতি, আবেদন এবং সংগ্রহের নীতি দেখা যাবে।

FAP - জরুরী অথবা অন্যান্য চিকিৎসাগত প্রয়োজনীয় পরিচর্যার জন্য একজন ব্যক্তিকে সাধারণত যে পরিমাণ চার্জ করা হয়, যোগ্য ব্যক্তিকে হয়তো তার থেকে বেশি চার্জ করা হবে না।

ফোনে কাউন্সেলিং-এর মাধ্যমে UMH স্প্যারো-এর কাছে থেকে একজন ব্যক্তি নীতির একটি কপি এবং আবেদন ফর্ম

| পাওয়ার অনুরোধ করতে পারেন: | সরাসরি গিয়ে যোগাযোগ করতে পারেন: |
|---|---|
| 517-364-6060 | UMH Sparrow-এর যেকোনো স্থাপনা |

## পরিশিষ্ট E
## সাধারণত যে পরিমাণ বিল করা হয় (AGB)

সাধারণত যে পরিমাণ বিল করা হয় তার হিসাব UMH স্প্যারো "লুকব্যাক" পদ্ধতি ব্যবহার করে সাধারণত বিলযোগ্য পরিমাণ (AGB) হিসাব করে থাকে। IRS Reg. Sec. 1.501(r)-5(b)(3) অনুসারে, 12 মাসের সময়কালে HFHS ফ্যাসিলিটিতে দাবি পরিশোধ করেছে এমন সকল Medicare-এর বিনামূল্যের পরিষেবার এবং বেসরকারী স্বাস্থ্য বীমা প্রোভাইডারের যোগফলকে, সেই দাবিগুলির সাথে সম্পর্কিত মোট চার্জের যোগফল দ্বারা ভাগ করে AGB হিসাব করা হয়। AGB শতাংশ বার্ষিকভাবে আপডেট করা হবে। সহজ করার জন্য, কিছু হিসাবকৃত ফ্যাসিলিটির চেয়ে কম একত্রিত AGB ব্যবহার করা হবে। আমরা নীচে তালিকাভুক্ত UMH Sparrow-এর জন্য 25% ABG ব্যবহার করব। 2021 অর্থবছরের জন্য AGB হিসাব করতে 2020 সালের জানুয়ারি - 2020 সালের ডিসেম্বরের ডেটা ব্যবহার করা হয়েছে। সাধারণত যে পরিমাণ বিল করা হয় (AGB)।

2021 অর্থবছরের জন্য AGB হিসাব করতে 2020 সালের জানুয়ারি - 2020 সালের ডিসেম্বরের ডেটা ব্যবহার করা হয়েছে।

| **লোকেশন** | **AGB** |
|---|---|
| ল্যান্সিং | 29% |
| ক্লিনটন | 43% |
| আয়োনিয়া | 44% |
| কারসন সিটি | 41% |
| ইটন | 51% |
| **UMH SPARROW হেলথ সিস্টেম** | **25%** |

## পরিশিষ্ট E
## NHSC অনুমোদিত সাইট

NHSC অনুমোদিত সাইটের ক্ষেত্রে, SFAP অনুমোদন বা প্রত্যাখ্যান, শুধুমাত্র আয় এবং পরিবারের আকারের উপর ভিত্তি করে এবং একটি পৃথক আর্থিক সহায়তা প্রোগ্রাম এবং আবেদনপত্রের অধীনে পরিচালিত হয়।

| |
|---|
| UMH Sparrow মেডিকেল গ্রুপ কারসন |
| UMH Sparrow মেডিকেল গ্রুপ গ্রিনভিল |
| UMH Sparrow মেডিকেল গ্রুপ আইওনিয়া |
| UMH Sparrow মেডিকেল গ্রুপ ইথাকা |
| UMH Sparrow মেডিকেল গ্রুপ মুইর |
| UMH Sparrow মেডিকেল গ্রুপ পোর্টল্যান্ড |
| UMH Sparrow মেডিকেল গ্রুপ সারানাক |
| UMH Sparrow OB/GYN কারসন সিটি |
| UMH Sparrow মেডিকেল গ্রুপ অ্যাশলে |
| UMH Sparrow কারসন পেডিয়াট্রিক্স |
| UMH Sparrow মেডিকেল গ্রুপ স্ট্যান্টন |
| UMH Sparrow মেডিকেল গ্রুপ পটারভিল |